[redacted] “[redacted] [redacted]” [redacted]

[redacted] [redacted] [redacted] [

পালিয়ে যায়। মেহেরপুর ডিবি পুলিশের এস আই মুক্ত রায় চৌধুরীর নেতৃত্বে অভিযান চালানো হয়।

জেলা গোয়েন্দা পুলিশের ওসি জুলফিকার আলী জানান, মুজিবনগর উপজেলার আনন্দবাস গ্রামে অভিযান চালিয়ে ৫২ বোতল ফেন্সিডিল উদ্ধার করা হয়েছে। এসময় পুলিশের উপস্থিতি টের পেয়ে তিনজন পালিয়ে যায়। মুজিবনগর থানায় তাদের বিরুদ্ধে একটি নিয়মিত মামলা রুজু করা হয়েছে।

মেপ্র/এমএফআর

সমাজসেবা সমন্বয় পরিষদ নির্বাচনে খোকন প্যানেলের জয়

মেহেরপুর শহর সমাজসেবা সমন্বয় পরিষদের পুনরায় সভাপতি নির্বাচিত হয়েছেন আমিনুল ইসলাম খোকন। ৪৬ টি ভোট পেয়ে তিনি সভাপতি নির্বাচিত হন। ৭৩ টি ভোটের মধ্যে ৭০ টি ভোট পোল হয়।

তার নিকটমত প্রতিদ্বন্দ্বী নুরুল ইসলাম পেয়েছেন ২৪ টি ভোট। এছাড়াও খোকনের প্যানেলে আরও ৯ জন বিভিন্ন পদে নির্বাচিত হয়েছেন। অন্যদিকে নরুল ইসলাম প্যানেলের ইলিয়াস হয়েছেন সাহিত্য, সাংস্কৃতি ও ক্রিয়া বিষয়ক সম্পাদক।

মেহেরপুর জেলা সমাজসেবা কার্যালয়ে শুক্রবার সকাল ৯ থেকে বিকাল ৪ পর্যন্ত সমন্বয় পরিষদের ভোট গ্রহন করা হয়। ভোট গ্রহন শেষে প্রধান নির্বাচন কমিশনার মেহেরপুর সদর সমাজ সেবা কর্মকর্তা আব্দুর রব ফলাফল ঘোষনা করেন।

অন্যান্য পদে যারা নির্বাচিত হয়েছেন তারা হলেন, সহ সভাপতি পদে মোয়াজ্জেম হোসেন, রাহিনুজ্জামান পলেন, মমতাজ পারভিন, যুগ্ম সম্পাদক পদে মিরাজুল ইসলাম, সাংগঠনিক সম্পাদক পদে কামরুজ্জামান, কোষাধ্যক্ষ পদে সাহেদুজ্জামান, প্রচার ও জন সংযোগ বিষয়ক সম্পাদক পদে নাজমুল হাসান ও নির্বাহী সদস্য পদে রিপন রেজা।

দামুড়হুদার কার্পাসডাঙ্গায় সরকারি জমি থেকে অবৈধ দোকান ঘর উচ্ছেদের সময় বাড়লো দুই দিন

দামুড়হুদা উপজেলার কার্পসডাঙ্গায় সরকারি খাঁস জমি দখল করে টিনের ঘর নির্মাণ করা হয়েছে। বেশ কয়েক দিন ধরে চলছে ৩২ টি দোকান ঘর নির্মাণের কাজ । ইতোমধ্যে বেশ কিছু ঘরের কাজ প্রায় শেষের পথে, এছাড়াও বেশ কিছু নির্মাণ কাজ চলছে।

শনিবারের মধ্যে এসকল দখলদারদের অবৈধ ঘর অপসারণের নির্দেশ দিয়েছেন উপজেলা প্রশাসন।

জানা যায়, উপজেলার কার্পাসডাঙ্গা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স এর পিছনে, ১৪৯৮ দাগে প্রায় ১৪ একর খাঁস জমি রয়েছে। গত কয়েক দিন ধরে ঐ জমিতে স্থানীয় বেশ ক’ একজন নেতা সহ কার্পাসডাঙ্গা ইউনিয়ন ভূমি অফিসের অফিস সহায়ক বাহারু ইসলাম প্রায় ২০/৩০জন জমি দখল করে ৩২ টি অবৈধভাবে দোকান ঘর নির্মাণ করছেন।

গতকাল বৃহস্পতিবার দুপুর ১ দিকে উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমানসহ উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও এক্ম্সিকিউটি ম্যাজিস্টেট সুদীপ্ত কুমার সিংহ ঘটনাস্থল পরিদর্শন করলে সতত্যা পান।

ঘটনাস্থল পরিদর্শন কালে উপজেলা নির্বাহী অফিসার আগামী শনিবার নির্ধারিত সময়ের মধ্যে অবৈধ দখল অপসারণ করা না হলে অবৈধ দখলদারদের বিরুদ্ধে সর্বোচ্চ আইন গত ব্যবস্থা গ্রহণ করা হবে বলে নির্দেশ দেন। ইতোমধ্যে উপজেলা পরিষদের চেয়ারম্যান মহোদয় অবৈধ দখলদারদের ঠিক দিকনির্দেশনা প্রদানসহ খাস জমিকে কেন্দ্র করে যেন

কোন বিশৃঙ্খলা সৃষ্টি না হয় সেবিষয়ে তাদেকে সচেতন করেন।

এসময় উপস্থিত ছিলে, কার্পাসডাঙ্গা ইউপির চেয়ারম্যান খলিলুর রহমান ভুট্টু, বাজার বনিক সমিতির সভাপতি ইমদাদুল হক ইমন, সাধারণ সম্পাদক সাজেদুর রহমান মিঠু, বাজার বনিক সমিতির সাবেক সাধারণ সম্পাদক মোস্তাফিজুর রহান কচি প্রমুখ।

আলমডাঙ্গায় গাঁজাসহ আটক ১

আলমডাঙ্গা থানা পুলিশের অভিযানে ১০০ গ্রাম গাঁজাসহ চাঁদ মিয়া নামের এক জন আটক হয়েছে। গতকাল বৃহস্পতিবার রাত ৯টার দিকে হাউসপুরের হঠাৎ পাড়া থেকে তাকে আটক করে।

জানা গেছে, আলমডাঙ্গার পৌর এলাকার হাউসপুর গ্রামের বাবু শেখের ছেলে চাঁদ মিয়া দীর্ঘদিন যাবৎ গোপনে গাঁজার ব্যবসা চালিয়ে আসছে।

গতকাল বৃহস্পতিবার রাত ৯ টার দিকে আলমডাঙ্গা থানার এসআই সিদ্ধার্থ, এসআই সুলতান মাহমুদ, এসআই সুফল কুমার বিশ্বাস, এএসআই সাহাবুদ্দিন লস্কর সঙ্গীয় ফোর্স হাউসপুর হঠাৎ পাড়ার তিন রাস্তার মোড় থেকে তাকে আটক করে।

তার শরীর তল্লাশী করে ১০০ গ্রাম গাঁজা উদ্ধার করে। তার বিরুদ্ধে মাদক বিরোধী আইনে মামলা দায়ের করা হয়েছে।

মেহেরপুরে জনপ্রশাসন প্রতিমন্ত্রীর দ্বিতীয় বর্ষ

পূর্তি পালন

মেহেরপুর-১ আসনের সংসদ সদস্য ফরহাদ হোসেনের জনপ্রশাসন প্রতিমন্ত্রী হিসেবে দ্বিতীয় বর্ষ পূর্তি উপলক্ষে মেহেরপুরে কেক কাটার আয়োজন করা হয়।

গতকাল বৃহস্পতিবার রাতে মেহেরপুর জেলা যুবলীগের যুগ্ম-আহ্বায়ক সরফরাজ হোসেন মিদুল এর সভাপতিত্বে ও সরকারি কলেজ শাখা ছাত্রলীগের উদ্যোগে জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেনের বাসভবনে কেক কেটে প্রতিমন্ত্রীর দ্বিতীয় বর্ষ উদযাপন করা হয়।

এসময় কেক কাটা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা আওয়ামী লীগের যুগ্ম-সম্পাদক অ্যাডভোকেট ইব্রাহিম শাহীন, বড় বাজার ব্যবসায়ী সমিতির সাধারণ সম্পাদক আমিনুল ইসলাম খোকন, মেহেরপুর জেলা ছাত্রলীগের সভাপতি আবদুস সালাম বাঁধন, কলেজ ছাত্রলীগের সভাপতি আদিব হসেন আসিফ, সাধারণ সম্পাদক কুতুবউদ্দিনসহ আওয়ামী লীগ ও যুবলীগের নেতৃবৃন্দ।

হরিণাকুন্ডু উপজেলা ও পৌর আওয়ামী লীগের যৌথ বর্ধিত সভা

ঝিনাইদহের হরিণাকুন্ডু উপজেলা ও পৌর আওয়ামী লীগের যৌথ বর্ধিত সভা অনুষ্ঠিত হয়েছে। আগামী ৩০ জানুয়ারী হরিণাকুণ্ডু পৌরসভা নির্বাচনে নৌকার প্রার্থীকে বিজয়ী করার লক্ষ্যে এ যৌথ বর্ধিত সভা হরিণাকুন্ডু জেলা পরিষদ অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়েছে।

উপজেলা আওয়ামী লীগের সভাপতি মশিউর রহমান জোয়ার্দারের সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক রবিউল ইসলামের সঞ্চালনায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সভাপতি, আব্দুল হাই এমপি।

প্রধান বক্তা হিসেবে বক্তব্য রাখেন জেলা আওয়ামী লীগের সাধারণ

সম্পাদক ও ঝিনাইদহের পৌর মেয়র সাইদুল করিম মিন্টু, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ-২ আসনের সাংসদ তাহজিব আলম সিদ্দিকী সমি, সংরক্ষিত মহিলা আসনের সাংসদ খালেদা খানম, জেলা পরিষদের চেয়ারম্যান জনাব কনক কান্তি দাস, উপজেলা চেয়ারম্যান ও উপ-দপ্তর সম্পাদক জাহাঙ্গীর হোসাইন, বিভিন্ন ইউনিয়নের চেয়ারম্যানগণসহ জেলা, উপজেলা, পৌর আওয়ামী লীগ ও সকল অংগ ও সহযোগী সংগঠনের জেলা ও উপজেলা শাখার নেতৃবৃন্দ।

বক্তারা বলেন, আওয়ামী লীগের সকল পর্যায়ের নেতা কর্মীরা ঐক্যবদ্ধ থাকলে আমাদের জয় নিশ্চিত হবে। যারা আওয়ামী লীগ করে স্বতন্ত্র প্রার্থীর পক্ষে কাজ করবে তারা আওয়ামী লীগের থাকার অধিকার হারাবে, তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে। সকলকে এক সাথে কাজ করার আহবান জানান।

মেহেরপুরের রাজনগরে সড়ক দুর্ঘটনায় আহত -১

মেহেরপুর সদরের চুয়াডাঙ্গা মহাসড়কের রাজনগর নামক স্থানে কলা ও কপি বোঝায় পিকআপ উল্টে তামান্না নামের একজন আহত হয়েছে। গতকাল বৃহস্পতিবার বিকেলের ৪টার দিকে এই দুর্ঘটনা ঘটে।

ঘটনাস্থল থেকে জানা যায়, সবজি বোঝাই একটি পিকআপ মেহেরপুর থেকে খুলনা যাওয়ার পথে এ দুর্ঘটনা ঘটে। স্থানীয়রা জানান, পিকআপের সামনের চাকা পাংচার হলে গাড়ির নিয়ন্ত্রণ হারায় চালক, এবং বিপরীত দিক থেকে আসা একটি ইজিবাইক কে বাঁচাতে গিয়ে গাড়িটি উল্টে যায় রাস্তার পাশে।

দুর্ঘটনায় ইজিবাইকে থাকা তামান্না নামের এক যাত্রী আহত হলে স্থানীয়রা তাকে উদ্ধার করে।

আহত তামান্না খাতুন মেহেরপুর একটি ক্লিনিকে নার্সের চাকরি করে বলে জানা যায়। সদর উপজেলার পিরোজপুর ইউনিয়নের গহরপুর গ্রামের গোরিলার মেয়ে।

মেহেরপুর ফায়ার সার্ভিসে খবর দিলে উদ্ধারকর্মীরা তাকে মেহেরপুর জেনারেল হাসপাতালে নিয়ে ভর্তি করে।

পিকআপের পিকআপ টার ক্ষতি হলেও ড্রাইভার ও হেলপার এর কোনো ক্ষয়ক্ষতি হয়নি।

কন্যাসন্তান জন্ম নিলেই মিলবে পুলিশের উপহার

কন্যা সন্তানের বাবা-মাকে পুরস্কৃত করার উদ্যোগ নিয়ে আলোচনায় এসেছেন চুয়াডাঙ্গা জেলা পুলিশ। কন্যা সন্তান বোঝা নয় আশীর্বাদ, কন্যা সন্তান আল্লাহর শ্রেষ্ঠ পুরস্কার। কন্যা সন্তান জন্ম হলে হট লাইনে ফোন করলেই সঙ্গে সঙ্গে পুলিশ বাড়িতে পৌঁছে দেবে উপহার ।

সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে গতকাল বৃহস্পতিবার রাতে স্ট্যাটাস দিয়ে উপহারের ঘোষণা দেন চুয়াডাঙ্গা পুলিশ সুপার জাহিদুল ইসলাম। সেখানে লেখা হয়েছে,
“ কন্যা সন্তান বোঝা নয়, আশীর্বাদ কন্যা সন্তান আল্লাহর শ্রেষ্ঠ পুরস্কার
কন্যা সন্তান মা-বাবার জন্য জান্নাতের সুসংবাদ নিয়ে দুনিয়ায় আগমন করে”

চুয়াডাঙ্গা জেলা পুলিশের এ মহৎ উদ্যোগকে সাধুবাদ জানিয়েছে চুয়াডাঙ্গার সুশিল সমাজের মানুষ।

এমন উদ্যোগ নিয়েছেন কেন? বিষয়টি জানতে চাইলে চুয়াডাঙ্গা পুলিশ সুপার জাহিদুল ইসলাম বলেন, দেখা যায় কন্যা সন্তানকে আমাদের এই সমাজে মূল্যায়ণ করা হয় না। সম্প্রতি গত সপ্তাহে একটি খবরের মাধ্যমে দেখতে পেলাম কন্যা সন্তান জন্ম দেওয়ায় হাসপাতালের বেডে থাকা অবস্থায় স্ত্রীকে ডির্ভোস পেপার দিয়ে গেলো স্বামী। খবরটা দেখে মনে হলো মানুষের মাঝে এখনো ভ্রান্ত ধারণার বা অসচেতনতা রয়েছে। ‘কন্যাসন্তান বোঝা নয়’ সেই ভ্রান্ত ধারণার কিছুটা হলেও

মানুষের মাঝে সচেতনা বাড়াতে আমাদের এই প্রচেষ্টা।’

তিনি আরো জানান, ‘কন্যাসন্তান হওয়ার খবর পাওয়ার সঙ্গে সঙ্গে জেলা পুলিশের পক্ষ থেকে নবজাতকের পোশাকসহ উপহারসামগ্রী পাঠানো হবে।’

কন্যাসন্তান জন্ম হলে ফোন করুন, উপহার পৌঁছে যাবে সাথে সাথে। এই উপহার অব্যাহত রাখতে পুলিশকে কন্যাসন্তান জন্মানোর খবর জানানোর জন্য পুলিশ কন্ট্রোলরুমের একটি মোবাইলফোন নম্বর (০১৩২০-১৪৯০৯৮) দেওয়া হয়েছে।

এছাড়াও চুয়াডাঙ্গা সদর থানার অফিসার ইনচার্জ আবু জিহাদ জানায়, জেলা পুলিশের ফেসবুক পেজে গতকাল বৃহস্পতিবার রাতে একটি স্ট্যাটাস দেওয়া হয়। এরপর বিষয়টি নিয়ে সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে ব্যাপক আলোচনার সৃষ্টি হয়।

আমি গ্রাম্য এলাকা লক্ষ্য করে দেখেছি কন্যা সন্তান হলে অনেকে মন খারাপ করে। তাদের উৎসাহিত করা এবং তাদের বুঝাতে হবে ছেলে মেয়ে সবাই সমান, মেয়েরা শিক্ষা এবং কর্ম জীবনে অনেকে এগিয়ে আছে। এ মহৎ উদ্যোগ নেওয়ায় পুলিশ সুপার জাহিদুল ইসলাম স্যার কে আমি সাধুবাদ জানায়।

কুষ্টিয়ার কুমারখালীতে ৮ম শ্রেণির এক হিন্দু ছাত্রীকে অপহরণ!

কুষ্টিয়ার কুমারখালীতে দিপ্তী রাণী মন্ডল (১৪) নামে ৮ম শ্রেণির এক হিন্দু ছাত্রীকে অপহরণের অভিযোগ পাওয়া গেছে। এ ব্যাপারে কুমারখালী থানায় অভিযোগ দায়ের করেছে ৮ম শ্রেণির ওই ছাত্রীর পিতা নিতাই চন্দ্র মন্ডল।

অভিযোগের প্রেক্ষিতে জানা গেছে, কুষ্টিয়ার কুমারখালীর বাসিন্দা নিতাই চন্দ্র মন্ডল’র মেয়ে দিপ্তী রাণী মন্ডল (১৪) কুমারখালী

থানাধীন দক্ষিণ মনোহরপুর মাধ্যমিক বিদ্যালয়ের ৮ম শ্রেণির ছাত্রী।

কুমারখালীর দক্ষিণ মনোহরপুর (বাগুলাট ইউনিয়ন) এর মোঃ লালন মন্ডলের ছেলে মোঃ রাফি হোসেন (১৮) বিভিন্ন সময় দিপ্তীকে চলা ফেরার পথে উত্যক্ত করতো এবং কুপ্রস্তাব দিত।

দিপ্তী বিষয়টি তার পিতা নিতাই মন্ডলকে অবহিত করে। নিতাই মন্ডল উত্যক্তকারী মোঃ রাফি হোসেন’র পিতা মোঃ লালন মন্ডল এবং চাচা মোঃ কলম মন্ডলকে বিষয়টি অবগত করেন।

১১ ডিসেম্বর ২০২০ তারিখ বিকেলে দিপ্তী রাণী মন্ডল প্রয়োজনে বাড়ীর সম্মুখে রাস্তায় গেলে মোঃ রাফি হোসেন সুকৌশলে দিপ্তীকে অপহরণ করে নিয়ে যায়।

এ ব্যাপারে কুমারখালী থানায় অভিযোগ দায়ের করেছে ৮ম শ্রেণির ওই ছাত্রীর পিতা নিতাই চন্দ্র মন্ডল।